বারাদীতে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনায় মসজিদে মসজিদে দোয়া মাহফিল

স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের পতন ঘটাতে অংশ গ্রহণকৃত বীর শহীদদের আত্মার মাগফেরাত ও আহতদের সুস্থতা কামনায় মসজিদে মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বারাদী ইউনিয়নের বিভিন্ন গ্রামের সকল মসজিদে জুম্মা বাদ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

একনায়কতন্ত্রী মনোভাবে দেশ পরিচালনা, জুলুম নির্যাতন ও শেখ হাসিনার স্বৈরাচারী রাষ্ট্র পরিচালনা এবং কোটা সংস্কারের বিরুদ্ধে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে দেশের হাজার হাজার শিক্ষার্থী অংশ গ্রহণ করেন। তাতে জুলুম বাজ সরকারের মদদপুষ্ট পুলিশ বাহিনীর হাতে নির্বিচারে নিহত হন আন্দোলনকারী শিক্ষার্থী ও সাধারণ মানুষ।

দেশকে দ্বিতীয়বারের মতো স্বাধীন করতে যেসকল বীর সৈনিকেরা অকাতরে প্রাণ বিসর্জন দিয়েছেন সেই সকল বীর শহীদদের আত্মার মাগফেরাত, আহত অবস্থায় চিকিৎসাধীন সকলের আশু রোগমুক্তি কামনা ও সদ্য স্বাধীনতা প্রাপ্ত দেশের মঙ্গল কামনায় দোয়া করা হয়।

দামুড়হুদা দলিল লেখক মিয়াজানের মাগফেরাত কামনায় দোয়া মাহফিল

দামুড়হুদা সাব রেজিস্ট্রী অফিসের দলিল লেখক মিয়াজান আলীর রুহের মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা সাব রেজিস্ট্রী অফিস চত্তরে দলিল লেখক সংগঠনের পক্ষ থেকে দোয়া মাহফিলের আয়োজন করা

হয়।

দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন দলিল লেখক সমিতির সহসভাপতি হারুন অন রশিদ, বরকত আলী, সাধারণ সম্পাদক রেজাউল করিম, যুগ্ম সম্পাদক মোমিনুল ইসলাম মনির, নুর আলম লাভলু, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম তোতা, অর্থ সম্পাদক শমশের আলী, দফতর সম্পাদক আনোয়ার হোসেন, প্রচার সম্পাদক তাহাজুল হক, নির্বাহী সদস্য ইউসুফ আলী খান ইছা মেম্বার, উসমান আলী, আবু সাইদ, বুলু মেম্বার, বখতিয়ার হোসেন বকুল, জুলফিকার আলম, মুনছুর আলী, আলম ও সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা জমির উদ্দিন, নিহত দলিল লেখক মিয়া জানের ছেলে আরিফুল ইসলামসহ সকল দলিল লেখকবৃন্দ।

দোয়া পরিচালনা করেন পুরাতন বাস্তুপুর জামে মসজিদের ইমাম মুফতি ইসমাইল হোসেন। উল্লেখ্য, গত সোমবার রাত সাড়ে ১১ টার দিকে আকর্স্মিক ঘুমের মধ্যে স্ট্রোক করে নিজ বাড়িতে ইন্তেকাল করেন।

মেহেরপুরে নাট্যকর্মী আবু হানিফ এর মাগফিরাত কামনায় আলোচনা ও দোয়া

গাংনীতে বিশিষ্ট সমাজ সেবক, নাট্যকর্মী, প্রিয়ভাজন মরহুম আবু হানিফসহ প্রয়াত সকল সহকর্মীদের আত্মার মাগফিরাত কামনায় আলোচনা সভা ও বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

‘সীমান্ত অপেরা’ গাংনীর আয়োজনে মরহুমের আত্মজীবনী তুলে ধরে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকালে সীমান্ত অপেরার নিজস্ব কার্যালয় গাংনী কাঁচা বাজার (আড়ত) মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

গাংনী পৌর সভার সাবেক প্যানেল মেয়র নবীরউদ্দীনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা